দৈনিক ইত্তেফাক

তারিখ ২8 MAY 2016
পৃষ্ঠা ২ কলাম ২

# বরিশাল পলিটেকনিকে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষ, নিহত ১

■ বরিশাল অফিস

বরিশাল পলিটেকনিক ইনস্টিউটে প্রভাব বিস্তারকে কেন্দ্র করে দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে রেজা (২১) নামের একজন নিহত ও অপর ৭ জন গুরুতর আহত হয়েছেন। গতকাল শুক্রবার রাত ১০টার দিকে এ ঘটনা ঘটে। নিহত রেজা ২০০৬ সালে পলিটেকনিক থেকে পাস করে। তার বাড়ি পটুয়াখালীর বাউফল উপজেলার ভরিপাশা গ্রামে। সে মৃত আব্দুস সাত্তার মিয়ার ছেলে।

ক্যাম্পাস সূত্র জানিয়েছে, ইনস্টিটিউটের সপ্তম বর্ষের ছাত্র মেহেদীর সঙ্গে পৃষ্ঠা ১৫ কলাম ৪

## বরিশাল পলিটেকনিকে

প্রথম পৃষ্ঠার পর

বহিরাগত জাহিদের দীর্ঘ দিন যাবৎ বিরোধ চলে আসছিল। এক সপ্তাহ পূর্বে জাহিদ ক্যাম্পাসের হোস্টেলে ঢুকে মেহেদী ও রেজাসহ বেশ কয়েক জন ছাত্রলীগ কর্মীকে মারধর করে। এর জের ধরে রেজা-মেহেদীসহ ছাত্রলীগ কর্মীরা জাহিদকে মারধর করে পুলিশের কাছে সোর্পদ করে। জেল থেকে জাহিদ মুক্তি পেয়ে প্রতিশোধ নিতে মরিয়া হয়ে উঠে।

গতকাল সন্ধ্যার পর থেকেই সে সাইদুল, রাকিব ও ইনস্টিটিউটের অপর ছাত্র মেহেদী (২) দলবল নিয়ে ক্যাম্পাসের সামনের গলিতে ওত পেতে ছিল। রাত ১০টার দিকে রেজা, ফাহিম ও মেহেদী (১) ক্যাম্পাসে প্রবেশ করার সময় ধারালো অস্ত্র নিয়ে তাদের উপর অতর্কিত হামলা চালায়। এলোপাতাড়ি কুপিয়ে তিনজনকেই জখম করা হয়। এর মধ্যে মেহেদী (১) ও ফাহিমের পায়ের রগ কর্তন করে দেওয়া হয়। আবাসিক হলে ছাত্রলীগের কর্মীরা খবর পেয়ে পাল্টা হামলা চালায়। এ সময় উভয় গ্রুপের আরো চারজন আহত হয়। এরা হচ্ছে কাওসার, সোহাগ, রহিম ও পুণ্য। এদের সকলকে শেরে বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাত সাড়ে ১০টার দিকে আহত রেজা মারা যান।